

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০২ অক্টোবর ২০২২ খ্রিঃ

নং ৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৭৯.১৫-১০৭১—যেহেতু, আপনি জনাব মোঃ আক্বাস আলী, পিতা-মৃত আশরাফ আলী, সাং-কাটাখালী (বাখরাবাজ), থানা-কাটাখালী, রাজশাহী, রাজশাহী জেলাধীন কাটাখালী পৌরসভার সাময়িক বরখাস্তকৃত মেয়র; এবং

যেহেতু, বোয়ালিয়া মডেল থানায় ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ২১(২)/২৫(১) (ক)/২৮(২)/৩১(২) ধারায় আপনার বিরুদ্ধে মামলা (মামলা নং-৬২) দায়ের করা হয় এবং উক্ত মামলায় আপনি একমাত্র আসামী;

যেহেতু, বঙ্গবন্ধুর মুর্যাল ছাপন সংক্রান্তে আপনার বিতর্কিত অডিও সোশাল মিডিয়ায় ভাইরাল হওয়ায় বোয়ালিয়া মডেল থানা, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আপনার বিরুদ্ধে দায়েরকৃত মামলায় আপনাকে শৃংখলা বাহিনী কর্তৃক গ্রেফতার করা হয়েছে;

যেহেতু, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে কটুক্তি ও অশালীন বক্তব্য, ক্ষমতার অপব্যবহার, কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীদের ভয়-ভীতি, আত্মীয়-স্বজন ও গুন্ডা বাহিনী দ্বারা হুমকী প্রদান, পৌরসভায় অরাজকতা, দুর্নীতি ও অনিয়মসহ বিভিন্ন অভিযোগে কাটাখালী পৌরসভার মেয়রের পদ থেকে আপনাকে অপসারণের লক্ষ্যে উক্ত পৌরসভার ১২ (বারো) জন কাউন্সিলর আপনার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনয়ন করেছেন;

( ১৭৬১৩ )

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩৮(২) ধারা অনুযায়ী এ বিভাগ কর্তৃক নিয়োগকৃত তদন্তকারী কর্মকর্তা উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী উক্ত আইনের ৩৮ ধারা অনুযায়ী আপনার বিরুদ্ধে আনিত অনাস্থা কার্যক্রম সম্পন্ন করে মতামতসহ প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করেছেন;

যেহেতু, আপনার বিরুদ্ধে কাউন্সিলরগণ কর্তৃক আনিত অনাস্থা প্রস্তাব স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩৮(১২) ধারা অনুযায়ী উক্ত পৌরসভার মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশের বেশি ভোটে গৃহীত হওয়ায় উক্ত আইনের ৩২(১)(খ) এবং ৩২(১)(ঘ) ধারা অনুযায়ী স্থায় পদ হতে অপসারণ করা যুক্তিযুক্ত;

সেহেতু, রাজশাহী জেলার কাটাখালী পৌরসভার সাময়িক বরখাস্তকৃত মেয়র জনাব মোঃ আব্বাস আলী এর বিরুদ্ধে একই পৌরসভার ১২ জন কাউন্সিলর কর্তৃক আনিত অনাস্থা প্রস্তাব স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩৮(১২) ধারা অনুযায়ী উক্ত পৌরসভার মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশের বেশি ভোটে গৃহীত হওয়ায় সাময়িক বরখাস্তকৃত মেয়র জনাব মোঃ আব্বাস আলী-কে “স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯” এর ৩২(১)(খ) এবং ৩২(১)(ঘ) ধারা অনুযায়ী স্থায় পদ হতে অপসারণ করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ফারজানা মান্নান

উপ সচিব।